গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

ঈশ্বরদী সরকারি কলেজ

ঈশ্বরদী, পাবনা

টেলিফোন: ০২৫৮৮৮৪৬৬১৮, মোবাইল: ০১৭৬৩০৯৯৮৮৩
Email: ishurdi.govt.college@gmail.com / c2112@nu.ac.bd; Website: www.igc.edu.bd
Facebook Page link: www.facebook.com/IGC1963

স্মারক নং : ঈসক/২০২৬/ ৫১২ তারিখ: ২৬/১১/২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, প্রধান মন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তি পাওয়ার লক্ষ্যে উপবৃত্তি ফরম সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করে আগামী ০৩/১২/২০২৬ খ্রি. তারিখের মধ্যে গণিত বিভাগে (বিজ্ঞান ভবনের ৩য় তলায়) জমা দেওয়ার জন্য বলা হলো। আবেদন ফরম কলেজ ওয়েবসাইট: igc.edu.bd-তে পাওয়া যাবে। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট ছাত্রীদের জন্য সার্বজনীন ১০০% এবং ছাত্রদের দারিদ্র ও মেধার ভিত্তিতে উপবৃত্তি কার্যক্রম অব্যহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। ভূল ও অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

আবেদন ফরমের সাথে যেসকল কাগজপত্র সংযুক্ত করতে হবে :

১। আবেদনকারীর রঙিন পাসপোর্ট সাইজ ছবি-০১ টি।
২। আবেদন ফরমের উপর অবশ্যই শ্রেণিরোল, গ্রুপ (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা) ও মোবাইল নম্বর লিখতে হবে।
৩। শিক্ষার্থীর ডিজিটাল জন্মনিবন্ধনের ফটোকপি- ১টি।
৪। পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি-১টি করে।
৫। পিতা ও মাতা কেউ জীবিত না থাকলে অভিভাবক হিসেবে আপন ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী-কে নির্বাচন করলে উক্ত অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি-১টি।
৬। আবেদনকারী উপবৃত্তির অর্থপ্রাপ্তির মাধ্যম হিসেবে অভিভাবকের ব্যাংক একাউন্ট অথবা নিজের স্কুল একাউন্ট নির্বাচন করলে উক্ত ব্যাংক একাউন্ট-এর চেক বইয়ের উপরের পাতার ফটোকপি।
৭। এসএসসি পাশের নম্বরপত্র, রেজিঃ কার্ড-এর ফটোকপি-১টি করে।
৮। আবেদনকারী প্রতিবন্ধী হলে প্রমাণপত্রের ফটোকপি-১টি।
৯। আবেদনকারীর অভিভাবক প্রতিবন্ধী হলে প্রমাণপত্রের ফটোকপি-১টি।
১০। আবেদনকারী কোন দীর্ঘস্থায়ী রোগে ভূগলে তার প্রমাণপত্রের ফটোকপি-১টি।
১১। আবেদনকারীর পরিবারের কোন সদস্য জন্মগত বা দীর্ঘস্থায়ী রোগে ভূগলে তার প্রমাণপত্রের ফটোকপি।
১২। আবেদনকারী জুলাই যোদ্ধা হলে গেজেটের ফটোকপি-১টি।

ব্যাংকিং একাউন্ট খোলার নিয়ম:

১। ছাত্র-ছাত্রী নিজ নামে অথবা পিতা বা মাতার সাথে যৌথভাবে স্কুল ব্যাংকিং একাউন্ট খুলতে হবে অথবা পিতা বা মাতার নামে ব্যাংক একাউন্ট খুলতে হবে।
২। মোবাইল ব্যাংকিং এর ক্ষেত্রে পিতা বা মাতার মধ্যে যাকে অভিভাবক হিসেবে নির্বাচন করা হবে তার জাতীয় পরিচয়পত্র (NID) দিয়ে সংশ্লিষ্ট মোবাইল নম্বরটি নিবন্ধিত থাকতে হবে এবং উক্ত জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে উক্ত মোবাইল নম্বরে নগদ/বিকাশ/রকেট একাউন্ট খোলা থাকতে হবে।
৩। পিতা বা মাতা জীবিত না থাকলে অভিভাবক হিসেবে আপন ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী-এর যেকোন একজনকে অভিভাবক হিসেবে উল্লেখ করে তার সাথে ব্যাংকে শিক্ষার্থীর নামে যৌথ স্কুল ব্যাংকিং একাউন্ট খুলতে হবে।

প্রতিস্বাক্ষর
২৬/১১/২০২৬
অধ্যক্ষ
ঈশ্বরদী সরকারি কলেজ, পাবনা
(প্রফেসর মোঃ আমজাদ হোসেন)
আইডি নম্বর-০৫৭৫১
অধ্যক্ষ
ঈশ্বরদী সরকারি কলেজ, পাবনা

26.11.26
আহ্বায়ক
একাদশ ভর্তি কমিটি-২০২৬
ঈশ্বরদী সরকারি কলেজ, পাবনা